পরশুরাম উপজেলা পরিষদ
পরশুরাম, ফেনী

## জুলাই, ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব কামাল উদ্দিন মজুমদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ খোকা মিয়া মিলনায়তন

তারিখ ও সময় ঃ ১৮ জুলাই ২০২১, দুপুর ১২:৩০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' ও খ'তে সংযোজন করা হলো

সভাপতি প্রারম্ভে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | দপ্তর/ বিভাগ | আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সকল সদস্যের সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| ১ | স্বাস্থ্য অফিস | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, জুলাই/২০২১ খ্রিঃ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হাসপাতাল ও মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ/ইউনিটের কাজের অগ্রগতি যথাক্রমেঃ ১। ইপিআই ঃ মোট টিকা প্রাপ্ত শিশুর সংখ্যা ১১৭৯ জন এবং টিকা প্রাপ্ত মহিলার সংখ্যা ৫৬২ জন। ২। কমিউনিটি ক্লিনিক ঃ পরশুরাম উপজেলাধীন ০৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় চালুকৃত ১২টি কমিউনিটি ক্লিনিকে মোট ৫৬১৯ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩। জরুরি বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৭৯জন। ৪। বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৯৫৮জন। ৫। আন্তঃ বিভাগ ঃ ভর্তিকৃত রোগীর সংখ্যা ৪৬০জন। ৬। বেড অকুপেন্সি রেট ঃ শয্যা সংখ্যা ৮৫%, বেড অকুপেন্সি রেট ৮৮% ৭। নরমাল ডেলিভারির সংখ্যা ঃ ৩৬টি। ৮। এ,আর, আই রোগীর সংখ্যা ৪২ টি। ০৯। জখমী সনদ প্রদান ০২টি। ১০। মাইনর অপারেশনের সংখ্যা ২১৭ টি। ১১। ডিএন্ডসি সেবা ০৩ জন। ১২। উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে রোগীর সংখ্যা ৬৩৪জন। ১৩। ডায়রিয়া রোগীর সংখ্যা ৩৫ জন। ১৪। প্যাথলজিক্যাল পরিক্ষা নিরীক্ষার সংখ্যা ২৭০জন। ১৫। ইসিজি পরীক্ষার সংখ্যা ঃ ৩০টি। ১৬। জুন/২০২১ খ্রিঃ মাসে এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন এবং ইউজার ফি আদায় বাবদ মোট ৪৩,৭১৩/- (তেতাল্লিশ হাজার সাতশত তের) টাকা মাত্র সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br><br>**করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত** করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রমে সরকার কর্তৃক ঘোষিত ও নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়নে পরশুরাম উপজেলা স্বাস্থ্য বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এই পর্যন্ত অত্র উপজেলা হতে ২৩৫৩ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ২৩০৩ জনের পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। উক্ত ফলাফলে স্বাস্থ্য বিভাগে কর্মরত ২০ জনসহ মোট ৫৫৭ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গিয়েছে। সংক্রমনকৃত রোগীদেরকে জাতীয় গাইডলাইন ও নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইতিমধ্যে স্বাস্থ্য বিভাগের ১৯ জনসহ মোট ২০৫ জন সুস্থ হয়েছে, ০৬ জন মৃত্যুবরন করেন এবং ৩২১ জন আইসোলেশনে চিকিৎসাধীন আছেন। এছাড়া হাসপাতালের অন্যান্য সকল রুটিন কার্যক্রম/সেবা প্রদান যথাযথভাবে চলমান আছে।<br><br>**কোভিড-১৯ ভ্যাকসিনেশান কার্যক্রমঃ** ০৭/০৭/২১ইং হইতে অত্র-স্বাস্থ্য কমপ্লেক্স কোভিড-১৯ প্রতিরোধে সিনোফার্মা ১ম ডোজ টিকাদান কার্যক্রম শুরু হয়েছে। পূর্বে কোভিশীল্ড টিকা ১ম ডোজ গ্রহণকারীগণ সাইনোফার্মা টিকা দিয়ে ২য় ডোজ গ্রহণ করা যাবে না। কোভিশীল্ড টিকা প্রাপ্তী স্বাপেক্ষে নির্দেশনা অনুযায়ী ২য় ডোজ টিকা প্রদান করা হইবে। সকলে নিবন্ধন সম্পন্ন করতঃ মেসেজ প্রাপ্তি স্বাপেক্ষে টিকা গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে। |

| | | |
|---|---|---|
| ২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি/রাজস্ব উন্নয়ন খাত হতে যে সকল প্রকল্প নেয়া হয়েছে সে সকল প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী। |
| ৩ | কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, যে আউশ আবাদ লক্ষ্য মাত্রা ও অর্জন: ৮০.০ হেঃ, অর্জিত ৭৫.০ হেঃ, পানি সংকটের কারণে আবাদ কম হয়েছে। খরিফ-১ ফসল আবাদ অগ্রগতিঃ শাকসবজি আবাদ লক্ষমাত্রা ২৩০. হেঃ, অর্জিত ২৩০. হেঃ, আমন বীজতলার সংক্রান্তঃ আমন বীজতলা ৩০০.৫৪ হেঃ, অর্জিত ১০০. ৫ হেঃ। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক।<br>বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৪ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা। |
| ৫ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় মোবাইল সেবার মাধ্যমে ভাতা প্রদানের চলমান কার্যক্রমের আওতায় এমআইএসকৃত বয়স্ক ভাতা ৩৬৭৪ জন, বিধবা ভাতা ১৪৪২ জন, প্রতিবন্ধী ভাতা ১৭৬০ জন এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ১৮ জন সহ মোট ৬৮৯৪ জনের পেরোল প্রদান করা হয়েছে। এছাড়া ত্রুটিপূর্ণ মোবাইল নম্বারসমূহ সংশোধন করে প্রতিবেদন ও তালিকা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৬ | খাদ্য নিয়ন্ত্রণ অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৭ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র বিভাগ এর অডিট কার্যক্রম, সরকারি রাজস্ব আদায় এবং আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান। সমবায় সমিতিতে নিয়মিত পরিদর্শন ও তদারকি কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সন্তোষজনক। বাস্তবায়নেঃ উপজেলা সমবায় কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৯ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১০ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১১ | বিআরডিবি অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, গত জুলাই/২০২১ খ্রিঃ মাসের মোট মূলধন তহবিল ৪৪,৭০,৮৩২/- টাকা। মোট ঋণ বিতরণের পরিমাণ ১,০৫,৭৮,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য আসল ৭৭,৪৩,৯৯০/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়কৃত আসল ৭৪,৯৩,১৪০/- টাকা। চলতি বছরে প্রশিক্ষণ ৪০০ জন। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৪১১৫ জন। চলতি বছরে আত্মকর্মী ৬৬ জন। ক্রমপুঞ্জিত আত্মকর্মী ৫২৮ জন। তালিকাভুক্ত সংগঠনের সংখ্যা ০৪টি। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সন্তোষজনক। বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |

| | | |
|---|---|---|
| ২৪ | বিবিধ | (১) উপজেলা পরিষদের মূল ভবনসহ অন্যান্য অফিস ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন সার্বিক নিরাপত্তার স্বার্থে ১১টি গুরুত্বপূর্ণ পয়েন্টে সিসি ক্যামরা স্থাপন করা হয়েছে। উহার ব্যয় বাবদ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা (ভ্যাট ও আয়করসহ)। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ব্যয়কৃত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যাইতে পারে।<br><br>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর পরিষদের মূল ভবনসহ অন্যান্য অফিস ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন সার্বিক নিরাপত্তার স্বার্থে ১১টি গুরুত্বপূর্ণ পয়েন্টে সিসি ক্যামরা স্থাপন করা হয়েছে উক্ত কাজটি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। কমিটিসমূহ ১: উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সভাপতি, উপ-সহকারী প্রকৌশলী, সদস্য সচিব এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদস্য এ কমিটি কর্তৃক দ্রুত কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |

কামাল উদ্দিন মজুমদার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পরশুরাম, ফেনী

স্মারক নং- ০৫.২০.৩০২৯.০০১.১৮.০০৫.২০- ৪৬৬/১

০৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
০২। সচিব, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। পরিচালক, ত্রাণ অধিদপ্তর, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৭। জেলা প্রশাসক, ফেনী
০৮। উপ-সচিব (উপজেলা শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, ঢাকা
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
১১। জেলা ত্রাণ কর্মকর্তা, ফেনী
১২। ..............................................পরশুরাম, ফেনী
১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, পরশুরাম উপজেলা পরিষদ, ফেনী
১৪। অফিস কপি

১৮/৭/২১

প্রিয়াংকা দত্ত
উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী

| | | |
|---|---|---|
| 01 | জনাব শিরিন আখতার<br>মাননীয় সংসদ সদস্য-ফেনী-১ | |
| 02 | জনাব কামাল উদ্দিন মজুমদার<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ | |
| 03 | জনাব নিজাম উদ্দিন আহম্মেদ চৌধুরী<br>মেয়র পরশুরাম পৌরসভা | |
| 04 | জনাব এনামুল করিম মজুমদার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | |
| 05 | জনাব, সামছুন নাহার<br>মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | সামছুন নাহার |
| 06 | জনাব নুরুজ্জামান (ছুট্টু)<br>চেয়ারম্যান ০২নং মির্জানগর ইউঃ পিঃ | |
| 07 | জনাব জাসিম উদ্দিন<br>চেয়ারম্যান ০৩নং চিথলিয়া ইউঃ পিঃ | |
| 08 | জনাব [illegible] হোসেন চৌধুরী<br>চেয়ারম্যান ৪নং বক্সমাহমুদ ইউঃ পিঃ | |

~~[struck]~~/-২২
তারিখ:/-২২

জনাব প্রিয়াংকা দত্ত
উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী।

উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা
পরশুরাম, ফেনী।

উপজেলা কৃষি কর্মকর্তা
পরশুরাম ফেনী।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা
পরশুরাম ফেনী।

উপজেলা প্রকৌশলী (LGED)
পরশুরাম ফেনী।

উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা
পরশুরাম ফেনী। — On behalf of ULO

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
পরশুরাম ফেনী।

উপজেলা শিক্ষা কর্মকর্তা
পরশুরাম, ফেনী।

উপজেলা মৎস্য কর্মকর্তা
পরশুরাম ফেনী।

উপজেলা সমবায় কর্মকর্তা
পরশুরাম ফেনী। — ২৭/৬/২০২২

| | | [illegible] |
|---|---|---|
| ১১ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | [signature] |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | [signature] |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | [signature] |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | [signature] |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী | [signature] |
| ১৯ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক<br>পরশুরাম ফেনী. | [signature] |
| ২০ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>পরশুরাম ফেনী. | [signature] |

থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা
পরশুরাম মডেল থানা

~~[illegible]~~
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
পরশুরাম ফেনী.

উপজেলা নির্বাচন কর্মকর্তা
পরশুরাম ফেনী.

ডি জি এম পল্লী বিদ্যুৎ
পরশুরাম ফেনী.

উপজেলা শিক্ষা বিষয়ক কর্মকর্তা
পরশুরাম ফেনী.

ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন
পরশুরাম ফেনী.

উপজেলা তথ্য সেবা কর্মকর্তা
পরশুরাম ফেনী.

উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা
পরশুরাম ফেনী.